## রাজশাহী ইঞ্জিনিয়ারিং ওল্ড স্টুডেন্টস এসোসিয়েশন (রিওসা)

## রিওসা গঠনতন্ত্রের প্রস্তাবিত নতুন উপধারাসমূহ

**৩.০০ নাম : রিওসা সদস্য কল্যান ও হিতৈষী**

**৩.১ রিওসা সদস্য কল্যান ও হিতৈষী কমিটি গঠন**

যেহেতু অধিকাংশ সদস্য তাদের সদস্য ও পরিবারের কল্যান ও হিতৈষী সাধনে আকাঙ্খী তাই রিওসা গঠন তন্ত্রের ধারা ৩.৭ এবং ২৪.০ অনুসারে রিওসা সদস্য কল্যান ও হিতৈষী কমিটি গঠনের সিদ্ধান্ত গ্রহণ করেছে যা রিওসা সদস্য কল্যান ও হিতৈষী নামে অভিহিত হবে।

**৩.২ রিওসা-সকহির উদ্দেশ্য হবে**

**৩.২.১** রিওসার সদস্য ও তাদের পরিবারের কল্যান ও হিতৈষী সাধন করা।

৩.২.২ জ্যেষ্ঠ সদস্যদের নিরাপদ রাখা, সহায়তা, সহযোগিতা ও সেবা প্রদানের মাধ্যমে হিতৈষী সাধন করা।

**৩.৩ সংজ্ঞা**

যদিনা অন্যভাবে কোথাও উল্লিখিত থাকে অথবা রিওসা গঠনতন্ত্রের পরিপন্থি না হয় তবে নিম্নবর্ণিত সংজ্ঞাগুলি এই উপধারার প্রয়োজনে ব্যবহৃত হবে।

**৩.৩.১** কল্যান অর্থ রিওসা গঠনতন্ত্রের ধারা ৩ এ বর্ণিত সদস্যদের সামাজিক কল্যান।

**৩.৩.২** হিতৈষী অর্থ রিওসা গঠনতন্ত্রের ধারা ৩ এ বর্ণিত সদস্যদের সামাজিক কল্যান ও হিতৈষী কার্যক্রম।

**৩.৩.৩ তহবিল** অর্থ রিওসা গঠনতন্ত্রের ধারা ২৬ অনুসারে গঠিত তহবিল।

**৩.৩.৪ সদস্য** অর্থ রিওসা গঠনতন্ত্রের ধারা ৫.২.১ এ বর্ণিত আজীবন সদস্য এবং ৫.২.২এ বর্ণিত সাধারণ সদস্য।

**৩.৩.৫ সহযোগি সদস্য** অর্থ রিওসা গঠনতন্ত্রের ধারা ৫.২.৩ এ বর্ণিত সদস্য।

**৩.৩.৬ পরিবার** অর্থ রিওসা সদস্যদের পরিবার যারা স্বামী, স্ত্রী ও তাদের সন্তান নিয়ে গঠিত এবং সন্তান সম্পূর্ণরুপে পিতা মাতার উপর নির্ভরশীল।

**৩.৩.৭ বছর** অর্থ পঞ্জিকা বছর।

**৩.৩.৮ গঠনতন্ত্র** অর্থ রিওসা গঠনতন্ত্র।

**৩.৪ রিওসা সদস্য কল্যান ও হিতৈষী কমিটি গঠন কাঠামো**

. চেয়ারম্যান

. সদস্য-সচিব

. যুগ্ম সদস্য-সচিব

**পদাধিকার বলে সদস্য**

. সাধারণ সম্পাদক, **রিওসা**

. অর্থ সম্পাদক, **রিওসা**

সহ-সমাজকল্যান সম্পাদক, **রিওসা**

**মনোনীত সদস্য**

রিওসা নির্বাহী কমিটি হতে মনোনীত সদস্য ৩ (তিন) জন।

**প্রতিনিধি সদস্য**

রিওসা নির্বাহী কমিটি মনোনীত বিভিন্ন সংস্থার সামাজিকভাবে খ্যাতিমান রিওসা সদস্য ২ (দুই) জন।

৩.৪.১ রিওসা নির্বাহী কমিটির জ্যেষ্ঠতম সহ-সভাপতি (সিরিজ জ্যেষ্ঠতার ভিত্তিতে),জ্যেষ্ঠতম যুগ্ম-সাধারণ সম্পাদক (সিরিজ জ্যেষ্ঠতার ভিত্তিতে) এবং সমাজকল্যান সম্পাদক যথাক্রমে পদাধিকার বলে **রিওসা সদস্য কল্যান ও হিতৈষী** কমিটির চেয়ারম্যান,সদস্য-সচিব ও যুগ্ম সদস্য-সচিব নিযুক্ত হবেন।

৩.৪.২ রিওসা সদস্য কল্যান ও হিতৈষী কমিটির মেয়াদকাল রিওসা নির্বাহী কমিটির মেয়াদকালের অনুরুপ হবে।

**৩.৫ সদস্য কল্যান ও হিতৈষী কমিটির কার্যক্রম ও দায়িত্ব**

**সদস্য কল্যান ও হিতৈষী কমিটির** দুটি নির্দিষ্ট কর্মকান্ড থাকবে (১) সমাজ কল্যানমূলক কর্মকান্ড এবং (২) হিতৈষী কর্মকান্ড:

**৩.৫.১ সদস্য কল্যানমূলক কর্মকান্ড**

সদস্য কল্যানমূলক কর্মকান্ড দু'টি ভাগে করা হবে (১) সদস্যদের চিকিৎসা এবং (২) সন্তানদের লেখাপড়া

**সদস্য কল্যানমূলক কার্যক্রম পরিচালনা**

৩.৫.১.১ গৃহীত আবেদনসমূহের সঠিকতা যাচাই করা।

৩.৫.১.২ আবেদন বিবেচিত হবার যোগ্যতা যাচাই করা।

৩.৫.১.৩ দাখিলকৃত তথ্যাদির সত্যতা যাচাই করা।

৩.৫.১.৪ আবেদনের অনুকূলে অনুদানের পরিমান সুপারিশ করা।

৩.৫.১.৫ রিওসা নির্বাহী কমিটি বরাবর সুপারিশ উপস্থাপন করা।

৩.৫.১.৬ জরুরি বিবেচনায় এবং রিওসা নির্বাহী কমিটির অনুপস্থিতিতে অনুদান ছাড় করার জন্য **সদস্য কল্যান ও হিতৈষী কমিটি** রিওসা সভাপতির নিকট সুপারিশ প্রেরণ করতে পারবে।

**৩.৫.২ হিতৈষী কর্মকান্ড**

**হিতৈষী কার্যক্রম পরিচালনা**

৩.৫.২.১ রিওসা জ্যেষ্ঠ সদস্যদের সহায়তা, সহযোগিতা ও সেবা প্রদান করা।

৩.৫.২.২ রিওসা জ্যেষ্ঠ সদস্যদের সামাজিক, সাংস্কৃতিক, আইনি ও স্বাস্থ্যসেবাসহ অন্যান্য সেবা প্রদান করা।

৩.৫.২.৩ জ্যেষ্ঠ সদস্যদের নিয়মিত বিরতিতে এবং জরুরি প্রয়োজনে তাৎক্ষনিক সেবা ও সমর্থন প্রদান করা।

**৩.৫.৩ এতদব্যতিত সদস্য কল্যান ও হিতৈষী কমিটি নিম্নবর্ণিত কর্মকান্ড ও দায়িত্ব পালন করবে**

৩.৫.৩.১ দৈনন্দিন কার্যক্রম পরিচালনা করবে।

৩.৫.৩.২ তহবিলের হিসাব হালনাগাদ রাখবে।

৩.৫.৩.৩ বার্ষিক বাজেট প্রস্তুত করবে এবং রিওসা নির্বাহী কমিটির অনুমোদনের জন্য উপস্থাপন করবে।

৩.৫.৩.৪ বার্ষিক আয় ব্যয়ের প্রতিবেদন প্রস্তুত করবে, যা রিওসার বার্ষিক নিরীক্ষার সাথে নিরীক্ষা করা হবে এবং রিওসার বার্ষিক নিরীক্ষা প্রতিবেদনের সাথে অন্তর্ভুক্ত থাকবে।

৩.৫.৩.৫ **সদস্য কল্যান ও হিতৈষী কমিটির** পক্ষে সদস্য-সচিব কমিটির কার্যক্রম আয়-ব্যয়ের অবস্থা নিয়মিত ভাবে রিওসা নির্বাহী কমিটিকে অবহিত করবে।

৩.৫.৩.৬ **সদস্য কল্যান ও হিতৈষী কমিটির** কার্যক্রম, তহবিল, আয়-ব্যয় এবং বার্ষিক প্রতিবেদন বার্ষিক সাধারণ সভায় অনুমোদিত হতে হবে।

৩.৫.৩.৭ **সদস্য কল্যান ও হিতৈষী কমিটির** বার্ষিক প্রতিবেদন রিওসা নির্বাহী কমিটির সুপারিশ সাপেক্ষে বার্ষিক সাধারণ সভায় অনুমোদনের জন্য উপস্থাপন করা হবে।

৩.৫.৩.৮ সাধারণ সম্পাদক **সদস্য কল্যান ও হিতৈষী কমিটির** বার্ষিক প্রতিবেদন অনুমোদনের জন্য পৃথক আলোচ্যসূচী হিসেবে সাধারণ সভায় উপস্থাপন করবেন।

৩.৫.৩.৯ স্বচ্ছন্দ কার্যক্রম পরিচালনার জন্য **সদস্য কল্যান ও হিতৈষী কমিটি** উপবিধির সাথে সামঞ্জস্য রেখে বিধি বিধান প্রণয়ন করতে পারবে। প্রণয়নকৃত বিধিবিধান রিওসা নির্বাহী কমিটির অনুমোদন সাপেক্ষে প্রয়োগ করা যাবে।

৩.৫.৩.১০ সদস্যদের কল্যান ও হিতৈষী কার্যক্রমে রিওসা নির্বাহী **কমিটি**কে সুপারিশ দেবে।

**৩.৬ সদস্য কল্যান ও হিতৈষী কমিটির চেয়ারম্যান ও সদস্য-সচিবের দায়িত্ব ও কর্তব্য**

৩.৬.১ সদস্য কল্যান ও হিতৈষী কমিটির মসৃন ও স্বচ্ছন্দ পরিচালনার জন্য চেয়ারম্যান সার্বিক পথ নির্দেশনা দেবেন ও চালনা করবেন।

৩.৬.২ চেয়ারম্যান,সদস্য কল্যান ও হিতৈষী কমিটির সকল সভায় সভাপতিত্ব করবেন। চেয়ারম্যানের অনুপস্থিতিতে সভায় উপস্থিত সকলে একজন জ্যেষ্ঠ সদস্যকে সভাপতিত্ব করার জন্য মনোনীত করবেন।

৩.৬.৩ সদস্য কল্যান ও হিতৈষী কমিটির সকল সভার কার্য বিবরণী ও সিদ্ধান্ত চেয়ারম্যানের স্বাক্ষরে নিশ্চিত ও প্রমানীকৃত হবে।

৩.৬.৪ সদস্য-সচিব, সদস্য কল্যান ও হিতৈষী কমিটির নির্বাহী কর্মকর্তা হিসেবে কার্যক্রম পরিচালনা করবেন।

৩.৬.৫ সদস্য-সচিব, চেয়ারম্যানের সাথে নিবিড় যোগাযোগ ও পরামর্শে দৈনন্দিন কার্যক্রম পরিচালনা করবেন।

৩.৬.৬ সদস্য-সচিব,সদস্য কল্যান ও হিতৈষী কমিটির সুপারিশ অনুমোদনের জন্য রিওসা নির্বাহী কমিটির সভায় উত্থাপন করবেন।

৩.৬.৭ সদস্য-সচিব, সদস্য কল্যান ও হিতৈষী কমিটির কার্যক্রমের লিখিত প্রতিবেদন অনুমোদনের জন্য রিওসা নির্বাহী কমিটির সভায় উপস্থাপন করবেন।

৩.৬.৮ সদস্য-সচিব, চেয়ারম্যানের সাথে পরামর্শ করে সভার আলোচ্যসূচী নির্ধারণ করবেন।

৩.৬.৯ সদস্য-সচিব, সদস্য কল্যান ও হিতৈষী কমিটির কার্যক্রম এবং আয়-ব্যয়ের প্রতিবেদন বার্ষিক সাধারণ সভায় উপস্থাপনের জন্য প্রস্তুত করবেন।

৩.৬.১০ সদস্য কল্যান ও হিতৈষী কমিটির মসৃন ও স্বচ্ছন্দ কার্যক্রম পরিচালনায় সদস্য-সচিব, চেয়ারম্যানকে সহায়তা করবেন।

৩.৬.১১ যুগ্ম সদস্য-সচিব সদস্য কল্যান ও হিতৈষী কমিটির মসৃন ও স্বচ্ছন্দ কার্যক্রম পরিচালনায় সদস্য-সচিবকে সহায়তা করবেন।

**৩.৬.১২** সদস্য-সচিব এর অনুপস্থিতিতে যুগ্ম সদস্য-সচিব,সদস্য-সচিব-এর দায়িত্ব পালন করবেন।

**৩.৭ রিওসা নির্বাহী কমিটির ক্ষমতা**

৩.৭.১ **সদস্য কল্যান ও হিতৈষী কমিটি** রিওসা নির্বাহী **কমিটির** সার্বিক নির্দেশনায় পরিচালিত হবে।

৩.৭.২ উপধারার সাথে সামঞ্জস্যপূর্ণ হওয়া সাপেক্ষে অনুদান অনুমোদন করতে পারবে।

৩.৭.৩ **সদস্য কল্যান ও হিতৈষী কমিটির** সুপারিশ পর্যালোচনা ও পুন:বিবেচনা করতে পারবে।

৩.৭.৪ জ্যেষ্ঠ সদস্যদের প্রদত্ত সেবা ও সমর্থন পর্যবেক্ষণ করতে পারবে।

৩.৭.৫ যে কোন জ্যেষ্ঠ সদস্যকে সেবা ও সমর্থন প্রদানের পরামর্শ দিতে পারবে।

৩.৭.৬ সদস্য কল্যানে জরুরি ও অপরিহার্য বিবেচনায় রিওসা নির্বাহী কমিটির অনুপস্থিতিতে রিওসা সভাপতি সদস্য কল্যান ও হিতৈষী কমিটির সুপারিশকৃত অনুদান ছাড়ের অনুমতি দিতে পারবেন। তবে ছাড়কৃত অনুদান পরবর্তী রিওসা নির্বাহী কমিটির সভায় অবহিত করতে হবে।

৩.৭.৭ সদস্য কল্যান ও হিতৈষী কমিটির কার্যক্রম মসৃন ও স্বচ্ছন্দভাবে পরিচালিত হবার প্রয়োজনে রিওসা গঠনতন্ত্রের সাথে সামঞ্জস্যপূর্ণ উপধারা প্রস্তুত করতে পারবে ও প্রয়োগ করতে পারবে। ঐ উপধারা পরবর্তী বার্ষিক সাধারণ সভায় অনুমোদিত হতে হবে। অন্যথায় ঐ উপধারা স্বয়ংক্রিয় ভাবে অকার্যকর বলে ঘোষিত হবে।

৩.৭.৮ সদস্য কল্যান ও হিতৈষী কমিটির মসৃন ও স্বচ্ছন্দ পরিচালনার প্রয়োজনে উপধারার সাথে সামঞ্জস্যপূর্ণ বিধি বিধান প্রস্তুত ও প্রয়োগ করতে পারবে। এছাড়াও সমাজ কল্যান ও হিতৈষী কমিটি সুপারিশকৃত বিধি বিধান উপধারার সাথে সামঞ্জস্যপূর্ণ হওয়া সাপেক্ষে অনুমোদন করতে পারবে।

**৩.৮ সদস্য কল্যান ও হিতৈষী কমিটির সভা**

৩.৮.১ ন্যূনতম ত্রৈমাসিক ভিত্তিতে **সদস্য কল্যান ও হিতৈষী কমিটির** সভা অনুষ্ঠিত হবে। অনুন্য তিন দিনের বিজ্ঞপ্তি দিয়ে সভা আহ্বান করা যাবে। জরুরি বিবেচনায় এক দিনের বিজ্ঞপ্তি দিয়ে সভা আহ্বান করা যাবে।

৩.৮.২ সকল সভা সাধারণভাবে ঢাকায় রিওসা দপ্তরে অনুষ্ঠিত হবে। তবে চেয়ারম্যানের স্বাচ্ছন্দ অনুযায়ী পরিবর্তিত স্থানে সভা অনুষ্ঠিত হতে পারবে।

৩.৮.৩ কমিটি সদস্যদের নূনতম **১/৩** (এক তৃতীয়াংশ) এর উপস্থিতিতে কোরাম পূর্ণ হয়েছে বলে গন্য হবে।

৩.৮.৪ সদস্য-সচিব এর স্বাক্ষরে সভার বিজ্ঞপ্তি জারী করা হবে।

৩.৮.৫ কমিটির প্রতি সদস্যের একটি করে ভোট থাকবে এবং ভোট প্রদানে উভয় পক্ষের সমতার ক্ষেত্রে সভাপতির দ্বিতীয় ভোট প্রদানের ক্ষমতা থাকবে যা নির্নায়ক ভোট বলে বিবেচিত হবে।

৩.৮.৬ কমিটির সকল সভার কার্য বিবরণী ও সিদ্ধান্ত চেয়ারম্যানের স্বাক্ষরে নিশ্চিত ও প্রমানীকৃত হবে।

**৩.৯ সদস্য কল্যান ও হিতৈষী কমিটির তহবিল গঠন**

৩.৯.১ নিম্ন বর্ণিত উৎসগুলি হতে তহবিল গঠন করা যাবে:

৩.৯.১.১ রিওসা তহবিল হতে বার্ষিক অনুদান প্রদান।

৩.৯.১.২ প্রাপ্ত সদস্য চাঁদা হতে বার্ষিক অনুদান প্রদান।

৩.৯.১.৩ রিওসা সদস্য প্রদত্ত অনুদান।

৩.৯.১.৪ রিওসা সদস্য বহির্ভূত ব্যক্তি/প্রতিষ্ঠান হতে প্রাপ্ত অনুদান।

৩.৯.১.৫ তহবিল সৃষ্টির জন্য রিওসা নির্বাহী কমিটির অনুমোদন সাপেক্ষে যে কোন লাভজনক প্রতিষ্ঠানে বিনিয়োগ করা।

৩.৯.১.৬ রিওসা নির্বাহী কমিটির অনুমোদন সাপেক্ষে অন্য যে কোন উপায়ে।

৩.৯.২ রিওসা সদস্যদের বার্ষিক চাঁদার একটি অংশ সদস্য কল্যান ও হিতৈষী তহবিলে স্থানান্তরিত হবে। কি পরিমাণ অর্থ স্থানান্তরিত হবে তা রিওসা নির্বাহী কমিটি দায়িত্ব গ্রহণের পরবর্তী দু'টি সভার মধ্যে নির্ধারণ করবেন।

৩.৯.৩ রিওসা তহবিল হতে একটি অংশ সদস্য কল্যান ও হিতৈষী তহবিলে স্থানান্তরিত হবে। কি পরিমাণ অর্থ স্থানান্তরিত হবে তা রিওসা নির্বাহী কমিটি দায়িত্ব গ্রহণের পরবর্তী দু'টি সভার মধ্যে নির্ধারণ করবে।

**৩.১০ সদস্য কল্যান ও হিতৈষী তহবিল ব্যবস্থাপনা**

**৩.১০.১** সদস্য কল্যান ও হিতৈষী তহবিল নামে একটি তহবিল গঠিত হবে।

**৩.১০.২** সদস্য কল্যান ও হিতৈষী কমিটির সুপারিশে রিওসা নির্বাহী কমিটি বাংলাদেশের যে কোন তফসিলভুক্ত ব্যাংকে সদস্য কল্যান ও হিতৈষী তহবিল নামে একটি ব্যাংক হিসাব খুলবে।

৩.১০.৩ রিওসা নির্বাহী কমিটির সভাপতি, সাধারণ সম্পাদক ও অর্থ সম্পাদক এই তিন জনের মধ্যে যে কোন দুজনে (অর্থ সম্পাদক এবং অন্য যে কোন একজন যা সভাপতির সিদ্ধান্তে হবে) যৌথ স্বাক্ষরে ব্যাংক হিসাব পরিচালিত হবে।

৩.১০.৪ সদস্য কল্যান ও হিতৈষী তহবিলের দুটি অঙ্গ থাকবে (১) স্থায়ী তহবিল (২) পরিচালন তহবিল।

৩.১০.৫ কল্যান ও হিতৈষী সম্পর্কিত সংগৃহীত সকল দান ও অনুদান সদস্য কল্যান ও হিতৈষী তহবিলের হিসাবে জমা করতে হবে।

৩.১০.৫.১ প্রতি বছর দান ও অনুদান হতে সংগৃহীত অর্থের ৩০% সদস্যদের কল্যান ও হিতৈষিতা কাজে পরিচালন তহবিলে স্থানান্তর করা হবে।

৩.১০.৫.২ প্রতি বছর দান ও অনুদান হতে সংগৃহীত অর্থের ৭০% সদস্যদের কল্যান ও হিতৈষিতা কাজে স্থায়ী তহবিলে স্থানান্তর করা হবে। তবে এ তহবিল হতে অর্থ সরাসরি অনুদান দেয়া যাবে না।

৩.১০.৫.৩ প্রতি বছর সদস্যদের বার্ষিক চাঁদা হতে সংগৃহীত অর্থের ৩০% সদস্যদের কল্যান ও হিতৈষিতা কাজে পরিচালন তহবিলে স্থানান্তর করা হবে।

৩.১০.৫.৪ প্রতি বছর সদস্যদের বার্ষিক চাঁদা হতে সংগৃহীত অর্থের ৭০% সদস্যদের কল্যান ও হিতৈষিতা কাজে স্থায়ী তহবিলে স্থানান্তর করা হবে। তবে এ তহবিল হতে অর্থ সরাসরি অনুদান দেয়া যাবে না।

৩.১০.৫.৫ স্থায়ী তহবিল হতে প্রাপ্ত লভ্যাংশ পরিচালন তহবিলে স্থানান্তর করা যাবে।

৩.১০.৫.৬ রিওসা তহবিল হতে সদস্য কল্যান ও হিতৈষী কমিটির দৈনন্দিন পরিচালন ব্যয় নির্বাহ করা হবে।

৩.১০.৫.৭ সদস্য কল্যান ও হিতৈষী তহবিলের সম্পদ হতে প্রাপ্ত কোন আয় অথবা তহবিলের সম্পদ হতে বিনিয়োগ দ্বারা প্রাপ্ত কোন আয় সদস্য কল্যান ও হিতৈষী তহবিলে জমা করা হবে।

৩.১০.৫.৮ অনুদান শুধুমাত্র সদস্য কল্যান ও হিতৈষী তহবিল হতে প্রদেয় হবে।

**৩.১১ অনুদান প্রাপ্তির নির্নায়ক**

৩.১১.১ কোন সদস্য উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক দেশে অথবা বিদেশে চিকিৎসার জন্য পরামর্শ প্রদান করলে।

৩.১১.২ কোন সদস্যের মৃত্যুতে উপধারা ৩.৩.৬ এর বর্ণনা মতে তাঁর পরিবারের কোন সদস্য সাদা কাগজে সদস্য কল্যান ও হিতৈষী কমিটির নিকট আবেদন করলে।

৩.১১.৩ সন্তানদের লেখাপড়া

৩.১১.৩.১ কোন সদস্যের মৃত্যুতে উপবিধি ৩.৩.৬ এর বর্ণনা মতে তাঁর পরিবারের কোন সদস্য সদস্য কল্যান ও হিতৈষী কমিটির নিকট রিওসা নির্ধারিত ফর্মে আবেদন করলে।

৩.১১.৩.২ উপবিধি ৩.১৩.১ এর বর্ণনা অনুসারে কোন সদস্য শারিরিক অথবা মানসিকভাবে সম্পূর্ণরূপে অক্ষম হলে সদস্য নিজে অথবা উপধারা ৩.৩.৬ এর বর্ণনা মতে তাঁর পরিবারের কোন সদস্য সদস্য কল্যান ও হিতৈষী কমিটির নিকট রিওসা নির্ধারিত ফর্মে আবেদন করলে।

৩.১১.৩.৩ সর্বোচ্চ দুজন সন্তান শিক্ষা অনুদান প্রাপ্ত হবে।

**৩.১২ আবেদনকারীর যোগ্যতা**
যে কোন রিওসা সদস্য সদস্য কল্যান ও হিতৈষী কমিটি হতে অনুদান পাবার যোগ্য হবেন

**৩.১২.১** যদি তিনি রিওসার আজীবন সদস্য হন অথবা রিওসার সদস্য হবার মেয়াদ নূন্যতম দুবছর হয় এবং তার সদস্য চাঁদা বর্তমান বছর পর্যন্ত হালনাগাদ থাকে এবং তিনি আইইবি'র সদস্য হন এবং তার আইইবি সদস্য চাঁদা বর্তমান বছর পর্যন্ত হালনাগাদ থাকে।

**৩.১২.২** যদি তিনি একজন সহযোগী সদস্য হন যিনি রুয়েট হতে অনাধিক তিন বছর হলো পাশ করেছেন।

**৩.১২.৩** রিওসা নির্ধারিত ফর্মে আবেদন করলে।

**৩.১২.৪** রিওসা ফর্মে বর্ণিত সকল শর্ত পূরণ করলে।

**৩.১৩** চিকিৎসা গ্রহণে অনুদান প্রাপ্তির যোগ্যতা

**৩.১৩.১** যথাযথ চিকিৎসা কর্তৃপক্ষ কর্তৃক কোন সদস্য শারিরিক অথবা মানসিকভাবে দায়িত্ব পালনে সম্পর্ণরূপে অক্ষম বলে ঘোষিত হলে।

**৩.১৩.২** কোন সদস্য যদি দেশে অথবা বিদেশে চিকিৎসা গ্রহণে আর্থিকভাবে অসমর্থ হন।

**৩.১৩.৩** বিদেশে চিকিৎসা সহায়তার ক্ষেত্রে উপযুক্ত চিকিৎসা কর্তৃপক্ষের পরামর্শ, সুপারিশ উল্লেখ থাকতে হবে যা সদস্য কল্যান ও হিতৈষী কমিটির নিকট সন্তোষজনক বলে প্রতিয়মান হতে হবে।

**৩.১৪ দপ্তর**

**রিওসা সদস্য কল্যান ও হিতৈষী কমিটি**র দপ্তর রিওসা সদর দপ্তর ঢাকায় হবে।

**৪.০ জ্যেষ্ঠ সদস্যদের হিতৈষিতা**

৪.১ জ্যেষ্ঠ সদস্যের সংজ্ঞা : ৬৬ ও তদুর্দ্ধ বয়সী রিওসা সদস্যগণ জ্যেষ্ঠ সদস্য নামে অভিহিত হবেন।

**৪.২ সহায়তার ধরণ:** জ্যেষ্ঠ সদস্যদের কি কি ধরণের সহায়তা, সহযোগিতা, ও সেবা প্রদান করা যাবে তা সদস্য কল্যান ও হিতৈষী কমিটির সুপারিশে গঠনতন্ত্রের উপধারা ৩.৫.১ ও ৩.৫.২র সাথে সামঞ্জস্যরূপে নির্বাহী কমিটি বিধি-বিধান প্রস্তুত করবেন।

৪.৩ রিওসার বিভিন্ন অনুষ্ঠানে জ্যেষ্ঠ সদস্যগণ আর্থিক অব্যাহতি/ছাড় প্রাপ্ত হবেন। যা নির্বাহী কমিটি সময় সময় নির্ধারণ করবেন।

৪.৪ সদর দফতর ঢাকাসহ রিওসা শাখা দপ্তরসমূহেও উপরোক্ত সহায়তা, সহযোগিতা ও সেবা প্রদান করা যাবে।

**প্রকৌঃ মোহাম্মদ মনির হোসেন**
সাংগঠনিক সম্পাদক, রিওসা
**ও**
সদস্য, উপ-কমিটি

**প্রকৌঃ হাবিব রাশিদ**
নির্বাহী সদস্য, রিওসা
**ও**
সদস্য, উপ-কমিটি

**প্রকৌঃ আবু সাঈদ মোঃ হিরো**
সাংগঠনিক সম্পাদক, রিওসা
**ও**
সদস্যসচিব, উপ-কমিটি

**প্রকৌঃ সুখরঞ্জন সুতার রঞ্জন**
সাধারণ সম্পাদক, রিওসা
**ও**
যুগ্ম-আহবায়ক, উপ-কমিটি

**প্রকৌঃ এটিএম ওয়াহিদ আজহার**
নির্বাহীসদস্য, রিওসা
**ও**
সদস্য, উপ-কমিটি

**প্রকৌঃ খন্দকার ফাওজি মুহাম্মদ বিন ফরিদ**
সদস্য, রিওসা
**ও**
সদস্য, উপ-কমিটি

**প্রকৌঃ মুসবাহ আলিম ডেইজি**
ভাইস প্রেসিডেন্ট, রিওসা
**ও**
সদস্য, উপ-কমিটি

**প্রকৌঃ মেসবাহ ররহমান টুটুল**
ভাইস প্রেসিডেন্ট, রিওসা
**ও**
আহবায়ক, উপ-কমিটি।